মেহেরপুরে স্বতন্ত্র প্রার্থী মতুর নির্বাচনী ইশতেহার ঘোষণা

কন্যাদায় গ্রস্থ অসচ্ছল পিতা মাতার জন্য “বিবাহের উপহার কার্ড, প্রযুক্তি ব্যবহার করে যে সকল নারীরা স্বাবলম্বী হচ্ছে তাদের জন্য “ত্রৈমাসিক নারী উদ্যোক্তা মেলা ও উদ্যোক্তা নারী সেবা ডেস্ক” চালুসহ ১০ দফা ইশতেহার প্রকাশ করেছেন মেহেরপুর পৌর সভার স্বতন্ত্র প্রার্থী সাবেক মেয়র মোতাচ্ছিম বিল্লাহ মতু।
আজ শনিবার (৪ জুন) সকাল ১০ টার সময় মেহেরপুর প্রেসক্লাব মিলনায়তনে এ ইশতেহার প্রকাশ করেন তিনি।
নির্বাচনী ইশতেহারে তিনি আর বলেন, শহরের পৌর গড় পুকুরকে সংস্কারের মাধ্যমে আধুনিক মানের করে গড়ে তুলবো। যাতে করে গড় পুকুরটিকে বিনোদনমুখি হয়ে ওঠে। এখানে থেকেই পৌরবাসি পাবে বিশুদ্ধ অক্সিজেন। মেহেরপুর পৌর কর্মকর্তা/কর্মচারীদের দীর্ঘদিনের বকেয়া বেতন পরিশোধ করা, ইঞ্জনচালিত রিকসা, ইজিবাইকের পৌর কর পূর্বের অবস্থায় ফিরিয়ে আনা, কিডনী এবং ক্যান্সারে আক্রান্ত রোগীদের জন্য এককালিন মানবিক সহায়তা হিসেবে ১০ হাজার করে টাকা প্রদান, সনাতন ধর্মালম্বিদের পৌর শ্বসানঘাটকে আধুনিকভাবে গড়ে তোলা, শহরের ধর্মীয় প্রতিষ্ঠানগুলো মসজিদ, মন্দীরসহ অন্যান্য উপসানলয়ের উন্নয়ন, পরিচ্ছন্ন কর্মীদের জীবন মান উন্নয়নে চার হাজার টাকা ভাতার স্থলে ৫ হাজার টাকা প্রদান শতভাগ শিক্ষিত শহর বিনির্মানে ঝরে পড়া শিশুদের স্কুলমুখি করে তোলা, অসচ্ছল মেধাবী শিক্ষার্থীদের জন্য শিক্ষাবৃত্তি চালুসহ বিশ্ববিদ্যালয়ে ভর্তির সুযোগ সৃষ্টি করা, নিরাপদ খাদ্য পানির সরবরাহের উপর বিশেষ নজরদারী রাখতে ব্লিচিং পাওডার ওয়াস ও সর্বাধিক নিরাপদ পানি সহায়তা প্রদান করার কথা উল্লেখ করেন তার নির্বাচনী ইশতেহারে।
এসময় তিনি অভিযোগ করেন আওয়ামীলীগ দলীয় সমর্থিত প্রার্থীর মাহফুজুর রহমান রিটনের লোকজন আমার কর্মী সমর্থকদের ভয়ভীতি প্রদর্শন করছেন। আমার কর্মী সমর্থকদের আতংকিত করতে বাড়ি বাড়ি গিয়ে ছবি তুলে নিয়ে আসছেন পোষ্টারের উপর পোষ্টার মারছেন, ও ছিড়ে ফেলছেন ফেস্টুন। তিনি আরও বলেন, ৫ টির অধিক নির্বাচনী ক্যাম্প স্থাপন করার নির্দেশ না থাকলেও এই শহরে সে স্থাপন করেছেন প্রায় ৫০ টিরও অধিক নির্বাচনী ক্যাম্প। এছাড়া প্রতিদিনই শহরে নানাভাবে শো ডাউন করে প্রতিনিয়ত নির্বাচনী আচরন বিধি ভঙ্গ

করছেন। এ বিষয়ে নির্বাচন কমিশনে একাধিক অভিযোগও দেওয়া হয়েছে। একটি অবাধ নিরপেক্ষ ও শান্তিপূর্ণ নির্বাচন অনুষ্ঠানে সাংবাদিকদের সহায়তা চান স্বতন্ত্র মেয়র প্রার্থী মোতাচ্ছিম বিল্লাহ মতু। এসময় তার কিছু কর্মী সমর্থক উপস্থিত ছিলেন।

মেহেরপুরে ইভিএম বিষয়ে আইসিটি শিক্ষকদেরকে তিনদিনের “ট্রাবল শুটিং”প্রশিক্ষণ

আসন্ন স্থানীয় পৌর ও ইউনিয়ন পরিষদ নির্বাচনের কেন্দ্রে ইলেক্ট্রনিক ভোটিং মেশিন (ইভিএম) বিষয়ে দায়ীত্ব পালন উপলক্ষে আইসিটি শিক্ষকদেরকে “ট্রাবল শুটিং” বিষয়ে তিনদিন ব্যাপি প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।
মেহেরপুর নির্বাচন অফিসের হলরুমে এ প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধন করেন মেহেরপুর জেলা নির্বাচন অফিসার মোহাম্মদ আবু আনছার। নির্বাচনে দায়ীত্ব পালন উপলক্ষে জেলার বিভিন্ন বিদ্যালয়ের ৭৫ আইসিটি শিক্ষকদের মাঝে পর্যায়ক্রমে তিনদিন ব্যাপি এ প্রশিক্ষণ দেওয়া হয়।
এসব প্রশিক্ষিত শিক্ষকরা ইভিএম পদ্ধতি নির্বাচন চলাকালিন সময়ে প্রয়োগ করবেন।
উপস্থিত রয়েছেন, চুয়াডাঙ্গা জেলা নির্বাচন কর্মকর্তা ও মেহেরপুর পৌরসভা নির্বাচন পরিচালনার দায়িত্ব নিয়োজিত রিটার্নিং অফিসার তারেক আহমেদ, মেহেরপুর সদর উপজেলা নির্বাচন অফিসার দোলন কান্তি চক্রবর্তী, গাংনী উপজেলা নির্বাচন কর্মকর্তা মোহাম্মদ আবদুল আজিজ, মুজিবনগর উপজেলা নির্বাচন অফিসার মেহেদী হাসান প্রমুখ। আগামী ১৫ জুন মেহেরপুর পৌর সভা ও সদর উপজেলার আমঝুপি বারাদী, পিরোজপুর ও শ্যামপুর ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচন-২০২২ অনুষ্ঠিত হবে।